

পরীক্ষার বিজ্ঞপ্তি

৩য় পর্ব স্নাতক/স্নাতক সম্মান পরীক্ষা ২০১৯

এতদ্বারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের ৩য় পর্ব স্নাতক/স্নাতক সম্মান পরীক্ষা-২০১৯ এর জন্য নিম্নোল্লিখিত সময়সূচী মোতাবেক পরীক্ষার ফি ও অন্যান্য ফি (যদি বকেয়া থাকে) বিশ্ববিদ্যালয়স্থ অগ্রণী ব্যাংকে জমা দিয়ে পরীক্ষার নির্ধারিত এন্ট্রি ফরম স্বহস্তে যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও হল প্রাধ্যক্ষের সুপারিশ ও স্বাক্ষরসহ হিসাবাব্যক্ষ অফিসের মাধ্যমে পরীক্ষার্থী কর্তৃক নিজ দায়িত্বে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে।

পরীক্ষার ফি ও এন্ট্রি ফরম জমাদানের সময়সূচী

পরীক্ষার বিবরণ	ফি এর হার	ফি ও এন্ট্রি ফরম জমাদানের শেষ তারিখ
ক) প্রতিটি তাত্ত্বিক কোর্স, ফিল্ড রিপোর্ট/টার্ম পেপার/প্রজেক্ট রিপোর্ট	৪০/=	২৯-১১-২০১৯
খ) মৌখিক পরীক্ষা	৪০/=	
গ) প্রতিটি ব্যবহারিক কোর্স	৫০/=	
ঘ) ফিল্ড রিপোর্টসহ ব্যবহারিক কোর্স	১০০/=	
ঙ) I' গ্রেড উন্নয়ন (সর্বাধিক ২টি কোর্স)	১২০০/=	

কোন বিভাগের পরীক্ষা ২৯-১১-২০১৯ ইং তারিখের পূর্বেই শুরু হলে সেই বিভাগের ছাত্র-ছাত্রীরা পরীক্ষা শুরুর ৭ দিন পূর্ব পর্যন্ত জরিমানা ছাড়া পরীক্ষার ফি ও এন্ট্রিফরম জমা দিতে পারবে।

- বিঃ দ্রঃ- (১) উল্লিখিত তারিখের পর পরীক্ষার ফি ও এন্ট্রি ফরম জমা নেয়া হবে না। তবে বিশেষ ক্ষেত্রে বিভাগীয় সভাপতি ও হল প্রাধ্যক্ষের সুপারিশের ভিত্তিতে পরীক্ষা শুরু হওয়ার ১৫ দিন পূর্ব পর্যন্ত ৫০/- টাকা এবং এর পর হতে ১০০/- টাকা জরিমানা প্রদান সাপেক্ষে ফরম জমা নেয়া যাবে। তবে পরীক্ষা শুরুর ০৫ দিন পূর্বে পরীক্ষার এন্ট্রি ফরম অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে। এর পর কোন অবস্থাতেই এন্ট্রি ফরম গ্রহণ করা হবে না।
- (২) যদি কোন বিভাগের ২০১৮ সনের ২য় পর্ব স্নাতক/স্নাতক সম্মান পরীক্ষার ফলাফল এন্ট্রি ফরম জমাদানের শেষ তারিখের পূর্বে প্রকাশিত না হয়, সে ক্ষেত্রে ঐ বিভাগের ছাত্র-ছাত্রীরা ফলাফল প্রকাশের তারিখ থেকে ১০ দিন পর পর্যন্ত জরিমানা ছাড়া ২০১৯ সনের ৩য় পর্ব স্নাতক সম্মান পরীক্ষার ফি ও এন্ট্রি ফরম জমা দিতে পারবে।
- (৩) যে সব বিভাগে সেমিস্টার পদ্ধতি চালু আছে সেসব বিভাগের ছাত্র-ছাত্রীরা উল্লিখিত সময়ের মধ্যে ২০১৯ সনের ৩য় পর্ব ৫ম সেমিস্টার পরীক্ষা এবং ৩য় পর্ব ৫ম সেমিস্টার পরীক্ষার ফলাফল প্রকাশের ১০ দিন পর পর্যন্ত জরিমানা ছাড়া ৩য় পর্ব ৬ষ্ঠ সেমিস্টার পরীক্ষার ফি ও এন্ট্রি ফরম জমা দিতে পারবে।
- (৪) প্রবেশ পত্র গ্রহণ ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সুতরাং যথাসময়ে এন্ট্রি ফরম ও পরীক্ষার ফি জমা দিয়ে পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট হল অফিস হতে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে।

স্বাক্ষর/=

(প্রফেসর ড. অসিত বরণ পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক, জাবি।

তারিখঃ ০১-১১-২০১৯

স্মারক সংখ্যা- জাবি প নি অ/৩০ (১০০)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাচার্য, জাবি, সাভার, ঢাকা।
- ২। প্রো-উপাচার্য(শিক্ষা), জাবি, সাভার, ঢাকা।
- ৩। প্রো-উপাচার্য (প্রশাসন), জাবি, সাভার, ঢাকা।
- ৪। কোষাব্যক্ষ, জাবি, সাভার, ঢাকা।
- ৫। সকল ডীন/পরিচালক, জাবি